

কাজী নজরুল ইসলামকে নিবেদিত

শামসুর রহমান

আপনি এবং আমি, নজরুল ইসলাম, আমরা দু'জন
পাশাপাশি হেঁটে হেঁটে চলেছি কেবলি। আপনার এখন তো
কিছুই কেনার নেই; আপনার ভান্ডার যে কবে থেকে পূর্ণ,
আমি আজো শূন্য হাতে ফিরি কখনো দুঃখিত ঘাটে,
কখনো বা আঘাটায়। আপনার কোন তাড়া নেই প্রকৃতই;
কেবল যে কালো বুনো ঘোড়াটা সে রাতে অতিশয় স্ত্রিয়মাণ
হাসপাতালের বেড়ে ফেলেছিলো কেমন নিঃশ্বাস বারংবার,
তার কথা মনে প'ড়ে যাচ্ছে হয়তো বা, নাকি অন্য দৃশ্য কোনো?

আপনি এবং আমি, নজরুল ইসলাম, আমরা দু'জন
পাশাপাশি হেঁটে হেঁটে চলেছি কেবলি, মরুভূমি, মরুদ্যান
পেরিয়ে পেরিয়ে বনভূমি এসেছি বিপনী কেন্দ্রে আপাতত।
তাহলে শুনুন কবি, দোহাই পথের, কিছু কথা, যা এখনো
অকথিত, জানতে ইচ্ছে করে খুব--যখন সে কালো ঘোড়া তার
কেশর দুলিয়ে আপনাকে পিঠে নিয়ে ছুটে গেলো মেঘলোকে
তখন কি কারো মুখ দেখবার আশায় আপনি আপনার
অমন বিখ্যাত চক্ষুদ্বয় মেলে দিয়েছিলেন ব্যাকুল চতুর্দিকে?
আপনার সাধ কবিতার বাগান বাড়ির মতো অন্তরালে
বড় বেশী ছায়া-ঢাকা রয়ে গেছে, আপনিও আর্ত মহাদ্বীপ।

নজরুল ইসলাম, উদার রাজার মতো চলেছেন হেঁটে
আর আমি আপনার পাশে সংকুচিত সর্বক্ষণ, অথচ কী
ব্যাকুল হাঁটছি একা-একা। কিছুই কেনার নেই আপনার,
অতিশয় নিঃস্ব আমি, আমার রসদ চাই সকাল-সন্ধ্যায়।
আমাকে কিনতে হবে এখনো অনেক কিছু—এইতো দোকানে
সোনালী আপেল আর সুনীল গীটার, মুখচ্ছবি-চিত্রকর,
টোমাটোর অন্তরালে উপমা এবং আঙুরের অন্তঃপুরে
প্রতীক কিনতে হবে। আপনার কিছুই কেনার নেই আর।

সৌজন্যে:

কল্যাণী কাজী (সম্পাদক), শত কথায় নজরুল, সাহিত্যম,
কলকাতা, ১৪০৫, পৃ: ৪০৬